অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

জুনটিন্থ দিবস পালন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলে কৃষ্ণাঙ্গদের স্বাধীনতার পতাকা উত্তোলন করা হবে

স্টেটের বিখ্যাত স্থানগুলো লাল, কালো ও সবুজ আলোয় আলকিত করা হবে

ঘোষণাপত্রটি এখানে পড়ন

গভর্নর ক্যাথি হোকল আজ জুনটিন্থ দিবস পালন সম্পর্কে একটি ঘোষণাপত্র জারি করেছেন। গভর্নর এছাড়াও ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটলের উপরে রবিবার 19 জুন এবং সোমবার 20 জুন তারিখে লাল, কালো, ও সবুজ রঙের কৃষ্ণাঙ্গদের স্বাধীনতার পতাকা উত্তোলন করা হবে, এবং রবিবার 19 জুন স্টেটের বিখ্যাত স্থানগুলো লাল, কালো, ও সবুজ আলোয় আলোকিত করা হবে।

"বাফেলোতে ঘটে যাওয়া ভয়ঙ্কর, বর্ণবাদী গোলাগুলির ঘটনার মাত্র এক মাসের চেয়ে কিছু বেশি সময় পরে, এবছরে জুনটিন্থ দিবস পালন এদেশে আফ্রিকানদের ও তাদের বংশধরদের দাসত্বের বন্ধন থেকে মুক্তি লাভ স্মরণ করার এই সময়ে নিজেদের নিয়ে ভাবার ও সুস্থ হয়ে উঠার একটি সুযোগ," **বলেছেন গভর্নর হোকল।** "প্রাতিষ্ঠানিক শোষণের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গ কমিউনিটির কয়েক প্রজন্মব্যাপী অটল প্রতিরোধ গড়ে তোলার বিষয়টির স্বীকৃতিস্বরূপ, কৃষ্ণাঙ্গ কমিউনিটি, পরিবার ও ব্যক্তিদের উপর নেমে আসা অনর্থক সহিংসতা ও বৈষম্যের বিরুদ্ধে সংগ্রামে নিউ ইয়র্কবাসীর সংহতির প্রকাশ হিসেবে আমি এবছর স্টেট ক্যাপিটলের উপর কৃষ্ণাঙ্গদের স্বাধীনতার পতাকা উত্তোলন করতে নির্দেশ দিয়েছি।"

"প্রতি বছর, 19শে জুন আমরা 1865 সালে মুক্তি লাভের আগ পর্যন্ত দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ হয়ে থাকা আফ্রিকান আমেরিকানদের স্বাধীনতাকে উদযাপন করি," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর ডেলগাডো।** "দাসত্ব ও পৃথকীকরণের বেদনাদায়ক স্মৃতি এখনো আমাদের হৃদয়ে তাজা হয়ে আছে, কিন্তু ন্যায়বিচার ও সমতাপূর্ণ প্রতিনিধিত্বের জন্য অব্যাহত লড়াই আমাদেরকে একটি সমতাপূর্ণ ভবিষ্যতের আশা দেখায় যেখানে আমাদের সন্তানরা অবিচারের বোঝা ও অতীতের ক্ষত নিয়ে বেঁচে না থেকে শান্তি ও ভালোবাসা নিয়ে জীবনযাপন করতে পারবে। আরো বেশি অন্তর্ভুক্তিমূলক একটি ভবিষ্যত তৈরির জন্য একসঙ্গে কাজ করার এই সময়ে আমরা জুনটিন্থ দিবসে আমাদের ইতিহাসের প্রতি সম্মান জানাই।"

19 জুন, 1865 তারিখে, আব্রাহাম লিঙ্কন দাসপ্রথা উচ্ছেদের ঘোষণাপত্র জারি করার প্রায় আড়াই বছর পরে, গৃহযুদ্ধ শেষ হওয়ার পর ইউনিয়নের সৈন্যরা তখনো দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ হয়ে থাকা আফ্রিকান-আমেরিকানদের মুক্ত করার জন্য টেক্সাসের গ্যালভেস্টনে এসে পৌঁছায়। 19 জুনকে প্রায় ক্ষেত্রেই যুক্তরাষ্ট্রে আনুষ্ঠানিকভাবে দাস প্রথার অবসান ঘটার দিন এবং জাতির জন্য দ্বিতীয় স্বাধীনতা দিবস হিসেবে বিবেচনা করা হয়। এবছর, 19 জুন দিনটি রবিবারে পড়েছে, এবং সোমবার, 20 জুন তারিখে নিউ ইয়র্ক স্টেটের ও ফেডারেল ছুটির দিন উভয়টি হিসেবে জুনটিন্থ দিবস পালন করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services)-এর কমিশনার জেনেট ময় বলেন, "জুনটিন্থ দিবসে আমরা কৃষ্ণাঙ্গ আমেরিকানদের অধ্যবসায় ও অবদান সম্মানের সঙ্গে স্মরণ ও উদযাপন করি এবং একইসাথে সবার জন্য সমতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করার জন্য আমাদের অঙ্গীকার নবায়ন করি। এবছর ক্যাপিটলের উপর এবং অন্যান্য স্টেট অফিস ভবনের উপর কৃষ্ণাঙ্গদের স্বাধীনতার পতাকা উত্তোলন করার মধ্য দিয়ে আমরা আমাদের সমাজের নিত্যদিন সম্মুখীন হওয়া পদ্ধতিগত বর্ণবাদ এবং সহিংসতার হুমকি নির্মূল করতে প্রয়োজনীয় পরিবর্তন কামনায় গভর্নর হোকলের সঙ্গে যোগ দিচ্ছি।"

স্টেট সিনেটর কেভিন পার্কার বলেন, "সিনেটে জুনটিন্থ হলিডে আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি অত্যন্ত গর্বিত। এটি আমাদের দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ থাকার মর্মান্তিক ইতিহাসের স্মৃতি কিন্তু একইসাথে এটি আমাদের স্বাধীনতার শপথের কথাও মনে করিয়ে দেয় যে মুক্তির জন্য আমরা অব্যাহতভাবে সংগ্রাম করে চলেছি। চলুন এই দিনে আমরা আমাদের মহান স্টেট ও দেশে স্বাধীনতা ও সমতার সংগ্রামে নিজেদের লিপ্ত রাখার জন্য পুনরায় অঙ্গীকারাবদ্ধ হই।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলাগেস বলেন, "জুনটিন্থ হলিডের এই সময়ে, আমরা দাস প্রথার উচ্ছেদের কথা স্মরণ করছি এবং আফ্রিকান আমেরিকানদের মুক্তির পথে এগিয়ে যাওয়ার কঠোর-সংগ্রামী যাত্রাকে স্বীকৃতি দিচ্ছি। যদিও এই ব্যাপারে এখনো কাজ চলছে, আমাদের স্বাধীনতা উদযাপন এবং জাতিগত ন্যায়বিচারের জন্য সংগ্রাম করে যাওয়ার এই সময়ে আমরা যে পথ অতিক্রম করে এসেছি তার স্বীকৃতি দেয়া গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেটে জুনটিন্থ হলিডে-কে স্বীকৃতি দেয়া এবং উদযাপন করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য অ্যালিশিয়া হিন্ডম্যান বলেন, "জুনটিন্থ স্বাধীনতার জন্য কয়েক প্রজন্ম ধরে চলে আসা লড়াইয়ের প্রতিনিধিত্ব করে। 16 শতকে আটলান্টিকের তীরে আগমনকারী প্রথম কৃষ্ণাঙ্গ দাস থেকে শুরু করে 1865 সালে টেক্সাসের গ্যালভেস্টনে শেষ কৃষ্ণাঙ্গ দাসের স্বাধীনতা অর্জন পর্যন্ত, এবং কৃষ্ণাঙ্গ জীবনের জন্য বর্তমানে মানুষের আন্দোলন পর্যন্ত। আইন থেকে শুরু করে স্বাধীনতা পর্যন্ত, জুনটিন্থকে শুধু স্টেটের ছুটির দিন হিসেবে উদযাপন নয়, বরং আপনার সমগ্র কমিউনিটিকে সঙ্গে নিয়ে স্বাধীনতা দিবস: 19 জুন কমিউনিটির সঙ্গে উদযাপনের জন্য ক্ষমতায়নের অনুঘটক হিসেবে কাজ করতে পারা একটি সম্মানজনক ব্যাপার। স্বাধীনতার সুর বেজে উঠতে দিন!"

রবিবার, 19 জুন এবং উদযাপন হতে যাওয়া ছুটির দিন, সোমবার, 20 জুন তারিখে নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটল এবং নিম্নলিখিত স্টেট ভবনগুলোতে কৃষ্ণাঙ্গদের স্বাধীনতার পতাকা উত্তোলন করা হবে:

- অ্যাডাম ক্লেটন পাওয়েল জুনিয়র স্টেট অফিস ভবন (Adam Clayton Powell Jr. State Office Building), হারলেম
- এলেনোর রুজভেল্ট স্টেট অফিস ভবন (Eleanor Roosevelt State Office Building), পাকিপ্সি
- হাডসন ভ্যালি পরিবহন ব্যবস্থাপনা কেন্দ্র (Hudson Valley Transportation Management Center), হথ্রোন
- পেরি বি ডুরিয়া স্টেট অফিস ভবন (Perry B Duryea State Office Building), হাপোগ
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza), আলবানি
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building), আলবানি
- এক্সিকিউটিভ ম্যানশন, আলবানি
- হ্যারিম্যান স্টেট অফিস বিল্ডিং ক্যাম্পাস, বিল্ডিঙ্গ 18, আলবানি
- বিংহ্যামটন স্টেট অফিস বিল্ডিং
- ডালেস স্টেট অফিস বিল্ডিং, ওয়াটাটাউন
- হেন্ডারসন-স্মিথ স্টেট অফিস বিল্ডিং, হর্নেল
- হোমার ফোকস ফ্যাসিলিটি, ওনিওনটা
- সিনেটর জন এইচ. হিউ স্টেট অফিস বিল্ডিং সিরাকিউস
- ইউটিকা স্টেট অফিস বিল্ডিং
- নিউ ইয়র্ক স্টেটের প্রস্তুতিমূলক প্রশিক্ষণ কেন্দ্র, ওরিস্কেনি

সেইসাথে, রবিবার, 19 জুন জুনটিন্থ দিবস উদযাপন উপলক্ষে স্টেটের বেশ কিছু বিখ্যাত স্থান লাল, কালো ও সবুজ আলোয় আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার

- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418